গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩৮.১৭-৮০ তারিখ: ২৫ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
০৮ মে ২০১৮ খ্রিস্টাব্দ

# পরিপত্র

বিষয়: ''ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১'' অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যক্রমসমূহের বাস্তবায়ন।

অটিজম ও স্নায়ুবিকাশজনিত সমস্যা মোকাবেলায় সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থার সমন্বয়ে অটিজম ও এনডিডি সমস্যা সনাক্তকরণ ও জীবনব্যাপী চাহিদার আলোকে স্বল্পব্যয়ে জাতীয়, বিভাগীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে টেকসই সেবা প্রদান এবং সেবা কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সূচনা ফাউন্ডেশন ও যুক্তরাষ্ট্রের ম্যাসাচুয়েটস ইউনিভার্সিটির ইনস্টিটিউট ফর কমিউনিটি ইনক্লুশন এর সহযোগিতায় ''ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১'' প্রণয়ন করা হয়েছে। ''ন্যাশনাল স্ট্রাটেজিক প্ল্যান ফর নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার ২০১৬-২০২১'' বাস্তবায়নকল্পে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় অধিদপ্তর/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিম্নোক্ত কার্যক্রম চিহ্নিত করা হয়েছে।

| ক্র: নং | কার্যক্রম |
|---|---|
| ১. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষায় অটিজম ও নিউরোডেভেলপমেন্টাল ডিজঅর্ডার (NDD) বৈশিষ্ট্যসম্পন্ন শতভাগ শিক্ষার্থীকে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণ। |
| ২. | দেশের প্রতিটি উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়ের শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ ও জনসাধারণকে ওরিয়েন্টেশন/ওয়ার্কশপের মাধ্যমে অটিজম ও NDD বিষয় সম্পর্কে সচেতনকরণ। |
| ৩. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিশুদের শিক্ষার অধিকার প্রতিষ্ঠার জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সরবরাহকৃত লিফলেট, ফেস্টুন, ডকুমেন্টারি প্রদর্শন ও প্রচার। |
| ৪. | সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব অটিজম সচেতনতা দিবস ও সংশ্লিষ্ট অন্যান্য দিবস উদযাপন। |
| ৫. | মাধ্যমিক পর্যায়ের অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিতকরণে বিদ্যালয়ের কমপক্ষে ২ জন শিক্ষককে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিতকরণ। |
| ৬. | মাধ্যমিক পর্যায়ের প্রতিটি অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান। |
| ৭. | সকল পর্যায়ের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধীবান্ধব অবকাঠামো নিশ্চিতকরণ। |
| ৮. | সকল অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীর কো-কারিকুলাম কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিতকরণ। |
| ৯. | শিক্ষা প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীর মধ্যে সহমর্মিতা ও সংবেদনশীল মনোভাব গড়ে তোলার জন্য শ্রেণি কক্ষে উপদেশমূলক আলোচনা। |
| ১০. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের বিনোদনের ব্যবস্থা করা। |

| | |
|---|---|
| ১১. | শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীদের আচরণ সহযোগিতামূলক ও সংবেদনশীল করার জন্য কার্যক্রম (Advocacy, Sensitization, Awareness) গ্রহণ। |
| ১২. | অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের বাসস্থানের নিকটতম শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণ। |
| ১৩. | প্রত্যেক অটিজম ও NDD বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষার্থীদের জন্য আলাদা রেজিস্টার সংরক্ষণ করা এবং বিশেষ চাহিদা, সক্ষমতা, সীমাবদ্ধতা ও আচরণগত অসুবিধাসমূহকে রেজিস্টারে লিপিবদ্ধকরণ। |
| ১৪. | শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি ২ মাস পরপর শিক্ষার্থী ও অভিভাবক নিয়ে মতবিনিময় সভা আহবান। |
| ১৫. | সেবা প্রদানে সমাজকল্যাণ মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এনজিওসহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে তথ্য আদান-প্রদানসহ সমন্বয় রক্ষাকরণ। |

০২। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

সোহরাব ০৮.০৫.২০১৮

**(মোঃ সোহরাব হোসাইন)**
সচিব

বিতরণ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
৩) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৫) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/কলেজ/মাধ্যমিক-১/মাধ্যমিক-২)), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৭) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
৮) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী
৯) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১০) যুগ্ম-সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১১) জেলা প্রশাসক, ....................................(সকল)
১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/সিলেট/চট্টগ্রাম/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
১৩) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১৫) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/কুমিল্লা/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর অঞ্চল
১৬) জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .......................................(সকল)
১৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, .......................................(সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।